

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৯২.১৩-০৪৩

তারিখঃ ১৩/১২/২০২২খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সফটওয়্যার পর্যালোচনায় প্রাপ্ত তথ্য অনুযায়ী দেখা যায় মধ্য রাকুদিয়া মহিলা সমিতির সদস্য জনাব মোসাঃ নাসিমা বেগম (১০০৬৩-১৫-০৭), জনাব শাহিনুর বেগম (১০০৬৩-১৫-০১); মানিককাঠি মহিলা সমিতির সদস্য জনাব লিপি বেগম (১০০৬৩-০৯-৩৪); রামপট্টি মহিলা সমিতির জনাব হালিমা বেগম (১০০৬৩-৪৩-১৪) ও জনাব হালিমা বেগম (১০০৬৩-৪৩-০১) এবং উত্তর রহমতপুর মহিলা সমিতির সদস্য জনাব সৈয়দা আয়শা সিদ্দীকা (১০০৬৩-২৫-১১) –কে ইতোপূর্বে বিতরণকৃত প্রত্যেক দফায় প্রদত্ত ঋণের সমুদয় অর্থ প্রায় এককালীন পরিশোধ করা সত্ত্বেও প্রতিবার ঋণের সিলিং বৃদ্ধি করে ঋণ বিতরণ করা হয়েছে। এতে স্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, আপনি কর্তৃপক্ষের স্মারক নং ১০৯ তারিখঃ ১৪/১২/২০২১ খ্রিঃ মূলে জারিকৃত নির্দেশনা অমান্য করে বর্ণিত সদস্যদের কিস্তি আদায়ের হার ৭৫% না হওয়া এমনকি এককালীন ঋণের অর্থ পরিশোধ করা সত্ত্বেও বারবার ঋণ প্রদান করছেন; যা কর্তৃপক্ষের আদেশ অবমাননার শামিল।

এমতাবস্থায়, কর্তৃপক্ষকে অবমাননা করার জন্য কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা অত্র পত্র জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে বলা হলো।


মোঃ সাদেকুর রহমান
উপ প্রকল্প পরিচালক

জনাব মোঃ শাহাদাত হোসেন

এআরডিও

ইরেসপো, বিআরডিবি,

বাবুগঞ্জ, বরিশাল

অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

সদয় জ্ঞাতার্থেঃ

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪. অফিস নথি।